

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছাত্র-উপদেষ্টা দপ্তর

## বিজ্ঞপ্তি

পত্রনং- ৪২৬/ছা:উ:

তারিখ : ০৭.১১.২০২১

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকারিতার জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত তারিখ ও সময়-সূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্রে নির্বাচনী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে:

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটা:

তারিখ	সাক্ষাৎকারে উপস্থিত ক্রমিক	সময়
১৩ নভেম্বর ২০২১	১ থেকে ৫৮০ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত
১৪ নভেম্বর ২০২১	৫৮১ থেকে ১১৬০ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত
১৫ নভেম্বর ২০২১	১১৬১ থেকে ১৭৪০ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত

### বিঃদ্র:

১) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি, বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের [mis.molwa.gov.bd](http://mis.molwa.gov.bd) ওয়েব সাইট থেকে বিস্তারিত তথ্যের ডাউনলোডকৃত কপি, মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির সর্বশেষ ব্যাংক স্টেটমেন্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্রের কপিসহ প্রার্থীকে নির্বাচনী সাক্ষাৎকারে অভিভাবকসহ যথাসময়ে উপস্থিত হতে হবে।

এছাড়া নাতি-নাতনিদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি, বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের [mis.molwa.gov.bd](http://mis.molwa.gov.bd) ওয়েব সাইট থেকে বিস্তারিত তথ্যের ডাউনলোডকৃত কপি, মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির সর্বশেষ ব্যাংক স্টেটমেন্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্রের কপি, নাতি/নাতনি প্রমাণের জন্য দাদা/দাদী, নানা/নানী ও বাবা/মা-এর জাতীয় পরিচয়পত্র, নাতি-নাতনি প্রমাণের জন্য স্থানীয় মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রত্যয়নপত্র নিয়ে অভিভাবকসহ আসার জন্য বলা হচ্ছে।

২) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.ru.ac.bd](http://www.ru.ac.bd)-তে পাওয়া যাবে।

৩) প্রাথমিকভাবে সাক্ষাৎকারের জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রীর একাধিক ইউনিটে নাম থাকলে ও একবার সাক্ষাৎকারে অংশগ্রহণ করলে সে সবকটি ইউনিটে উপস্থিত হয়েছে বলে বিবেচিত হবে।

৪) মা অথবা নানী/দাদীর জাতীয় পরিচয়পত্রে পিতা অথবা নানা/দাদার নাম যদি উল্লেখ না থাকে তবে তা প্রমাণের জন্য স্থানীয় মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রত্যয়নপত্র নিয়ে অভিভাবকসহ আসতে হবে।

৫) যে কোন তথ্যের জন্য ছাত্র-উপদেষ্টা দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

ফোনঃ ০৭২১-৭১১০২৪, ০৭২১-৭৫০০২১ (সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত)।

মো. তারেক নূর

সদস্য-সচিব

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি নির্বাচন কমিটি ২০২০-২০২১

ও

ছাত্র-উপদেষ্টা

রাজশাহী বিশ্ববিদ্যালয়